দিল্লি নয় পিন্ডি নয় সবার আগে বাংলাদেশ: তারেক রহমান

সংগৃহীত ছবি

সিলেট আলিয়া মাদরাসা মাঠে বিএনপির নির্বাচনী প্রচারণার উদ্বোধনী সমাবেশে তারেক রহমান বলেন, বেহেশত ও দোজখের মালিক একমাত্র আল্লাহ। মানুষ সেই মালিকানার কোনো কিছুর নিশ্চয়তা দিতে পারে না এমন দাবি করা ধর্মীয়ভাবে ভুল এবং ভোটারদের সঙ্গে প্রতারণা।

তিনি বলেন, নির্বাচনের আগে মিথ্যা ও আবেগতাড়িত প্রতিশ্রুতি দিয়ে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে। অতীতে দেশের মানুষ কারা কী ভূমিকা নিয়েছিল তা স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, বাংলাদেশের স্বার্থই সবার আগে—দিল্লি নয়, পিন্ডি নয়।

তারেক রহমান বিএনপির আগের সময়ের সামাজিক উদ্যোগের কথা তুলে ধরে বলেন, নারীদের অবৈতনিক শিক্ষা চালু করা হয়েছিল। ভবিষ্যতে সরকার গঠন করতে পারলে ‘ফ্যামিলি কার্ড’ চালুর মাধ্যমে অভাবী ও মধ্যবিত্ত পরিবারকে সহায়তা, বেকার যুবকদের কর্মসংস্থান, এবং সিলেটের বন্যা সমস্যার স্থায়ী সমাধানে কাজ করা হবে। তিনি আরও অভিযোগ করেন, দেশ-বিদেশে পোস্টাল ব্যালট নিয়ে অনিয়মের নজির রয়েছে। বক্তব্যের শেষে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহ্বান জানান।

LENS ASIA